দৈনিক বাংলা 118
তারিখ ... 04 MAY 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ৬ ...

8/

# শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে হবে ঃ ভি সি

।। মোয়াজ্জেম হোসেন ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামন মিঞা বলেছেন, বিশ্ববিদ্যালয়ে একাডেমিক পরিবেশ ফিরিয়ে আনাই হবে তাঁর এখনকার বড় দায়িত্ব। তিনি বলেন, নিয়মিত ক্লাস, পরীক্ষা অনুষ্ঠান এবং গবেষণার মান বাড়ানোর

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ভি সি (প্রথম পৃঃ পর)

জন্যে তিনি প্রচেষ্টা চালাবেন। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে একাডেমিক পরিবেশ নেই বলে তিনি মন্তব্য করেন।

ভিসি হিসাবে চার বছরের জন্যে গতরাতে চ্যান্সেলর কর্তৃক নিয়োগ লাভের পর প্রতিক্রিয়া জানার জন্যে টেলিফোনে যোগাযোগ করলে রাত সোয়া এগারটায় প্রফেসর মনিরুজ্জামান মিঞা এ কথা বলেন।

প্রফেসর মনিরুজ্জামান মিঞা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের পদ অত্যন্ত উঁচু ও সম্মানজনক পদ। একই সঙ্গে তা বিরাট দায়িত্বপূর্ণও বটে। এ পদে নিয়োগ পেয়ে তিনি নিজেকে ভাগ্যবান মনে করছেন। তবে দায়িত্ব পালনে সকল মহলের সহযোগিতা দরকার বলে তিনি মত প্রকাশ করেন।

তিনি আরও বলেন, তিনি ইতিমধ্যে তাঁর দু'টি প্রতিশ্রুতি পালন করেছেন। এর একটি হচ্ছে, বিশ্ববিদ্যালয় খোলা, অন্যটি সিনেটকে সক্রিয় করা। ছাত্র-শিক্ষক কর্মচারীদের বিভিন্ন সমস্যার কথা উল্লেখ করে তিনি বলেন, এসব সমাধানেও উদ্যোগ নিতেহবে।